

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর।
www.rajoir.madaripur.gov.bd

"নিয়োগ বিজ্ঞপ্তি"

এতদ্বারা রাজৈর উপজেলার জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাইকপাড়া, ইশিবপুর ও কবিরাজপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের চাহিদা অনুযায়ী ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ডসমূহে মহল্লাদার (গ্রাম পুলিশ) এর শূণ্য পদে সরকারি বিধিতে লোক নিয়োগ করা হবে। নিম্নবর্ণিত বিষয়াবলী উল্লেখপূর্বক আত্মহী প্রার্থীদের আগামী ২০/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদ	পদের সংখ্যা	মন্তব্য
০১।	পাইকপাড়া	ওয়ার্ড নং ০৯	মহল্লাদার	০১ জন	শূণ্য পদে
০২।	কবিরাজপুর	ওয়ার্ড নং ০৫	মহল্লাদার	০১ জন	শূণ্য পদে
০৩।	ইশিবপুর	ওয়ার্ড নং ০৩	মহল্লাদার	০১ জন	শূণ্য পদে

"শর্তাবলী"

- (১) আবেদনকারীর নাম, (২) পিতার নাম, (৩) মাতার নাম, (৪) স্থায়ী ঠিকানা, (৫) বর্তমান ঠিকানা, (৬) জন্ম তারিখ, (৭) বয়স, (৮) জাতীয়তা, (৯) ধর্ম, (১০) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি, (১১) সংশ্লিষ্ট চেয়ারম্যানের নিকট হতে নাগরিক সনদ, (১২) উচ্চতাঃ ৫ ফুট ৩ ইঞ্চি, (১৩) বুকের মাপঃ ৩২ ইঞ্চি ও ন্যূনতম ওজনঃ ১০০ পাউন্ড, (১৪) শিক্ষাগত যোগ্যতাঃ মহল্লাদার পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে অষ্টম শ্রেণী পাশ/জেএসসি/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (১৫) প্রার্থীগণকে অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। (১৬) প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (১৭) প্রার্থীর বয়স ২০/০৯/২০২৩ খ্রিঃ তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। (১৮) প্রার্থীকে শারীরিক ও মানসিক ক্রটিমুক্ত এবং স্বাস্থ্যবান হতে হবে। ক্রটিযুক্ত আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। (১৯) মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ দাখিল করতে হবে। (২০) অবসর প্রাপ্ত দফাদার/মহল্লাদারদের সন্তানদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে আবেদনের সাথে প্রমাণপত্র দাখিল করতে হবে। ক্রটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গন্য হবে। (২১) নিয়োগের ক্ষেত্রে শূণ্য পদের সংখ্যা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

যাঃ

(উপমা ফারিসা)

উপজেলা নির্বাহী অফিসার

রাজৈর, মাদারীপুর।


ফোন নম্বর-০২-৪৭৮৮১২১০১

তারিখঃ ২৮-০৮-২০২৩ খ্রিঃ

স্মারক নং- ০৫.৪১.৫৪৮০.১০০.০১.০০৬.২০২০- ৮২০

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, মাদারীপুর।
- ০২। উপ পরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর।
- ০৩। অফিসার- ইনচার্জ, রাজৈর, মাদারীপুর।
- ০৪। উপজেলা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
- ০৫। চেয়ারম্যান, পাইকপাড়া, ইশিবপুর ও কবিরাজপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুরকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। অফিস নথি।


২৮. ০৮. ২৩
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।